



## চড়িলামে কংগ্ৰেস-বিজেপি-ৰ সংঘৰ্ষে আহত আট, বিক্ষিপ্ত ঘটনাৰ মধ্য দিয়ে পশ্চিম আসনেৰ ভোট শুরু

আগৰতলা, ১১ এপ্ৰিল, ২০১৭

বিক্ষিপ্ত কিছু হামলা সন্মাসেৰ ঘটনা ছাড়া পশ্চিম ত্ৰিপুৰা লোকসভা আসনেৰ ভোট গ্ৰহন পৰ্ব আজ সকাল থেকে শান্তি পূৰ্ন ভাবেই শুরু হয়েছে। তবে সকাল সাতটা থেকে ভোট গ্ৰহন পৰ্ব শুরুর কথা থাকলেও ই ভি এম মেশিনে গোলযোগেৰ কাৰনে অনেক জায়গা থেকেই বিলম্বে ভোট শুরু হওয়ার খবৰ এসেছে।

সকাল সাড়ে এগারটা পৰ্যন্ত পশ্চিম জেলা লোকসভা কেন্দ্ৰেৰ অন্তৰ্গত চড়িলাম, কমলাসাগৰ, সদৰেৰ বাধাৰঘাট, অৰুন্ধুতিনগৰ, বামুটিয়া, জিৰানীয়া, রানীৰবাজার থেকে কিছু বিক্ষিপ্ত হিংসার ঘটনাৰ খবৰ এসেছে। চড়িলাম থেকে খবৰ এসেছে, সেখানকাৰ ১৮ নং বুথে কংগ্ৰেস ও বিজেপি কৰ্মীদেৰ মধ্যে সংঘৰ্ষে আটজন বিজেপি কৰ্মী আহত হয়েছেন। তাदेৰ প্ৰথমে বিশ্ৰামগঞ্জ হাসপাতালে, পরে চাৰজনকে জিবি হাসপাতালে পাঠানো হয়েছে।

কংগ্ৰেস প্ৰাৰ্থী সুবল ভৌমিক ও সিপিএম প্ৰাৰ্থী শংকৰ প্ৰসাদ দত্ত অভিযোগ করেছেন, ভোটে খাৰাপ ফল হতে পারে আশঙ্কায় বিজেপি হিংসার আশ্ৰয় নিয়েছে। গতকাল রাত থেকেই ভোটাৰদেৰ ভয় ভীতি দেখাতে শুরু করে। গতকাল রাতে সুৰ্ছু ভোট গ্ৰহনে কঠোৰ নিৰাপত্তা ব্যবস্থা গ্ৰহনেৰ দাবীতে কংগ্ৰেস প্ৰাৰ্থী সুবল ভৌমিকেৰ নেতৃত্বে কংগ্ৰেস কৰ্মীরা পুলিশ সদৰ দপ্তৰ ঘেৰাও করেছিল। পুলিশ কঠোৰ নিৰাপত্তা ব্যবস্থা গ্ৰহনেৰ প্ৰতিশ্ৰুতি দিলে রাত সাড়ে বাৰোটা নাগাদ কংগ্ৰেস দলেৰ কৰ্মীরা ঘেৰাও প্ৰত্যাহাৰ করে।

সুবল ভৌমিক আজ সকালে অভিযোগ করেছেন, বহু জায়গায় বিজেপি দুষ্কৃতিরা ভোটাৰদেৰ বাড়ীঘৰ থেকে বেৰ হতে দিচ্ছে না। একই ধৰনেৰ অভিযোগ করেছেন



সিপিএম প্রার্থী শংকর প্রসাদ দত্ত। তার অভিযোগ বহিঃ রাজ্যের নির্বাচনী পর্যবেক্ষকরা শাসকদলের হয়ে কাজ করছেন। তাদেরকে অভিযোগ করেও কোন কাজ হচ্ছে না।

পঞ্চান্তরে, উদয়পুরে নিজের ভোট প্রদানের পর মুখ্যমন্ত্রী তথা রাজ্য বিজেপি সভাপতি বিপ্লব দেব বলেছেন, চারিদিকে উৎসবের মেজাজে ভোট হচ্ছে। তিনি দাবী করেন, বিরোধীরা যতই ষড়যন্ত্র করুক রাজ্যের দু'টি আসনে বিজেপি প্রার্থীরাই জয়ী হবেন।